


এম.এস-সি/এম. ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে এম.এস-সি/এম. ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরম এর মাধ্যমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০১. শিক্ষার্থীকে ইউজিসি স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান থেকে CSE/CS/CST/SE বিষয়ে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং/বি.এস-সি (সম্মান) ডিগ্রী অর্জন করতে হবে। গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে জিপিএ ৪.০ এর মধ্যে ন্যূনতম ৩.০ অথবা সনাতন পদ্ধতির ক্ষেত্রে ন্যূনতম ৫৫% নম্বর পেতে হবে এবং বি.এস-সি ইঞ্জিনিয়ারিং/বি.এস-সি (সম্মান) পরীক্ষার বছর হতে সর্বোচ্চ ২ বছরের শিক্ষা বিরতি থাকতে পারবে।
০২. আবেদনকারী শিক্ষার্থীর অধ্যয়নকৃত প্রোগ্রামের সাথে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের কোর্স কারিকুলাম ও ক্রেডিট সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
০৩. এম.এস-সি ইঞ্জিনিয়ারিং এবং এম. ইঞ্জিনিয়ারিং কোর্সসমূহ পূর্ণকালীন হওয়ায় চাকুরীরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং কোর্স চলাকালীন সময়ে পূর্ণকালীন ছুটিতে থাকতে হবে। রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজের শিক্ষার্থীদেরকে বহিরাগত শিক্ষার্থীদের ন্যায় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
০৪. বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.ru.ac.bd হতে আবেদন পত্র Download অথবা বিভাগের অফিস থেকে আবেদনপত্র সংগ্রহ করে পূরণ পূর্বক ০৬-১১-২০২৩ ইং তারিখ থেকে ২০-১১-২০২৩ ইং তারিখের মধ্যে বিভাগীয় অফিসে জমা প্রদান করতে হবে। সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
০৫. আবেদন পত্রের সাথে আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা পরিশোধ করতে হবে।
০৬. প্রার্থীকে দুই স্তরের ভর্তি পরীক্ষার (লিখিত ও মৌখিক) মাধ্যমে বাছাই করা হবে। লিখিত পরীক্ষার প্রশ্নপত্র বি.এস-সি ইঞ্জিনিয়ারিং/বি.এস-সি (সম্মান) এর কারিকুলাম অনুযায়ী হবে।
০৭. ভর্তি পরীক্ষার পূর্ণমান ১০০
 - ক. লিখিত পরীক্ষার পূর্ণ নম্বর ৭০ এবং মৌখিক পরীক্ষার পূর্ণ নম্বর ৩০
 - খ. লিখিত পরীক্ষার সময় ৩ ঘন্টা
 - গ. লিখিত পরীক্ষার পাস নম্বর ন্যূনতম ৪০%
 - ঘ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে
০৮. (ক) লিখিত পরীক্ষা গ্রহণ: ২৬-১১-২০২৩ ইং তারিখ
(খ) লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ: ২৯-১১-২০২৩ ইং তারিখ
(গ) মৌখিক পরীক্ষা গ্রহণ: ০২-১২-২০২৩ ইং তারিখ
(ঘ) যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ: ০৩-১২-২০২৩ ইং তারিখ
০৯. নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত ভর্তি ফি প্রদান পূর্বক বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হবে।
১০. প্রার্থী ইতোপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির সময় পূর্বের ভর্তি বাতিলের সনদপত্র জমা দিতে হবে।


02-11-2023

(প্রফেসর ড. মো: রোকানুজ্জামান)

আল্ফায়ক

মাস্টার্স শ্রেণীতে বহিরাগত শিক্ষার্থীদের ভর্তির জন্য গঠিত কমিটি

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ

রাজশাহী বিশ্ববিদ্যালয়


02-11-2023
Subrata Pramanik
Associate Professor and Chairman
Dept. of Computer Science and Engineering
University of Rajshahi